

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ১৮

তারিখ : ০৬/১১/২০২২

ফরম নং-২৭০

(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়ালের ১২৯ নং বিধি)

আদেশপত্র

তারিখ..... হইতে..... পর্যন্ত

জেলা..... ২০..... সালের পর্যন্ত

মামলার ধরণ : জনাব মো: আ: করিম, পিতা: আবুল হোসেন লালু হাজী, সাং-পশ্চিম তারা পাশা নিউটাউন, কিশোরগঞ্জ এর গত ৩০/১০/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে (আপীল মামলা নম্বর ৩৯/২০২২)।

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও অফিসারের স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
০৬/১১/২০২২	<p>জনাব মো: আ: করিম, পিতা: আবুল হোসেন লালু হাজী, সাং-পশ্চিম তারা পাশা নিউটাউন, কিশোরগঞ্জ এর গত ৩০/১০/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ০৬/১১/২০২২ তারিখ আপীল শুনানীর দিন ধার্য।</p> <p>দেখলাম। আপীলকারী অনুপস্থিত। আপীলকারীর কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারী জনাব মো: আ: করিম তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ বরাবর গত ০৬-০৬-২০২২ খ্রি: তারিখ আবেদন করেন।</p> <p>সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিনিধির বক্তব্য :</p> <p>শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর প্রতিনিধি জনাব মোঃ সিরাজুল ইসলাম, সিনিয়র সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) লিখিত ও মৌখিক বক্তব্যে জানান যে-</p> <p>ক) আবেদনকারীর ০৬/০৬/২০২২ খ্রি. তারিখে নিকলী উপজেলার মাধাই নগর মৌজার সি.এস ও এস. এ রেকর্ড সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসক মহোদয় বরাবরে তথ্য চেয়ে আবেদন দাখিল করেন।</p> <p>খ) আবেদনকারীর তথ্য প্রাপ্তির আবেদনের পরিপ্রেক্ষিতে এ কার্যালয়ের ১৫/৬/২০২২ খ্রি. তারিখের ০৫.৪১.৪৮০০.০১৬.০১.০০১ (অংশ-১). ২০২২-১৮৭ নং স্মারকমূলে আবেদনকারীর চাহিত তথ্যাদি তথ্য ও অভিযোগ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জে সরবরাহ করার জন্য সহকারী কমিশনার, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,</p>	

৩৫

কিশোরগঞ্জকে অনুরোধ করা হয়।

গ) সহকারী কমিশনার, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জের ২২/৬/২০২২ খ্রি. তারিখের ৩১.৪১.৪৮০০.০১৯.০৬.০০৯. ২১-২০৭ নং স্মারকমূলে আবেদনকারীর চাহিত তথ্যাদি সরবরাহকরণ করা হয়েছে।

ঘ) পরবর্তীতে আবেদনকারীকে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর ৮(৪) উপ-ধারা (১) এবং ৯ (৬) মোতাবেক তথ্যাদি সরবরাহ করার জন্য তথ্যের মূল্য বাবদ ২/- (দুই) টাকা ট্রেজারী চালানমূলে তথ্য ও অভিযোগ শাখায় জমা প্রদানের জন্য ২৩/৬/২০২২ খ্রি. তারিখের ০৫.৪১.৪৮০০.০১৬.০১.০০১ (অংশ-১).২২-১৯৪ নং স্মারকমূলে পত্র প্রদান করা হয়েছে।


ঙ) তৎপ্রেক্ষিতে আবেদনকারী ট্রেজারী চালানমূলে তথ্যের মূল্য বাবদ ২/- (দুই) টাকা স্থানীয় সোনালী ব্যাংকে জমাপূর্বক মূল চালানকপি অদ্যাবধি তথ্য ও অভিযোগ শাখায় জমা প্রদান না করায় চাহিত তথ্যাদি প্রদান করা সম্ভব হয়নি। আবেদনকারী কর্তৃক চালানকপি জমা প্রদান সাপেক্ষে চাহিত তথ্য সরবরাহ করা হবে।

চ) এমতাবস্থায়, আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আপীল আবেদনপত্রটি খারিজ করা যেতে পারে।


আপীলকারীর বক্তব্য :

আপীলকারী অনুপস্থিত। আপীলকারী জনাব মো: আ: করিম তার আবেদনে আদেশের বিরুদ্ধে সংক্ষুদ্ধ হইবার কারণ উল্লেখ করেছেন- ০৪৬০ নং মানি অর্ডারের মাধ্যমে ইং ২৮/০৬/২২ তারিখ টাকা পাঠানোর পর প্রাপ্ত হইয়া ৩০ দিনের মধ্যে তথ্য সরবরাহ না করায়।

পর্যালোচনা : সরকার পক্ষে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর প্রতিনিধির বক্তব্য শুনলাম এবং আপীলকারী অনুপস্থিত। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমানক পর্যালোচনা করলাম। যেহেতু জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এর তথ্য সংগ্রহে আছে। কিন্তু আবেদনকারী তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য সংগ্রহের জন্য ট্রেজারী চালানমূলে ফি জমা প্রদান করেননি। তথ্যমূল্য ফি জমা প্রদান করলে তথ্য পেতে কোন অসুবিধা নাই সেহেতু আপীল আবেদনটি খারিজ যোগ্য।



<p>আদেশ : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারী জনাব মো: আ: করিম এর দাখিলকৃত আবেদন এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর মোঃ সিরাজুল ইসলাম, সিনিয়র সহকারী কমিশনার ও তথ্য প্রদানকারী কর্মকর্তা এর লিখিত বক্তব্যের পরিপ্রেক্ষিতে আপীল আবেদনটি নামঞ্জুরপূর্বক নিষ্পত্তি করা হলো। দাখিলকৃত কাগজপত্র নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক।</p>	
---	--




(জাহিরুল ইসলাম)

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.২২- ৬৪(৭)

তারিখ : ০৬/১১/২০২২

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৫। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
(এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। জনাব মো: আ: করিম, পিতা: আবুল হোসেন লালু হাজী, সাং-পশ্চিম তারা পাশা নিউটাউন, কিশোরগঞ্জ



(আল মামুন)

সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।